

## মাসিক ব্রিফিং

### অভিযোগ সংক্রান্ত তথ্য

#### সেপ্টেম্বর/২০১৫

- ❖ সেপ্টেম্বর মাসে ৮৮২ টি অভিযোগ পাওয়া গেছে।
- ❖ তন্মধ্যে ৫৬ টি অভিযোগ কমিশন কর্তৃক যাচাই বাছাই করে অনুসন্ধানের জন্য গ্রহণ করা হয়েছে।
- ❖ ৭ টি অভিযোগ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।
- ❖ কমিশনের তফসিলভুক্ত না হওয়ায়/ সুনির্দিষ্ট তথ্য উপাত্ত না থাকায় ৮১৯ টি অভিযোগ গ্রহণ করা হয়নি।
- ❖ বিভিন্ন জাতীয় পত্রিকায় প্রকাশিত ৯ টি দুর্নীতি সংক্রান্ত বিবেচ্য প্রতিবেদন পাওয়া গেছে। তন্মধ্যে ২ টি প্রতিবেদন অনুসন্ধানের জন্য গ্রহণ করা হয়েছে।

#### জানুয়ারী- সেপ্টেম্বর /২০১৫

- ❖ জানুয়ারী হতে সেপ্টেম্বর পর্যন্ত মোট ৬৫৩৪ টি অভিযোগ পাওয়া গেছে।
- ❖ তন্মধ্যে ৪৯৩ টি অভিযোগ কমিশন কর্তৃক যাচাই বাছাই করে অনুসন্ধানের জন্য গৃহীত হয়েছে।
- ❖ ১২৪ টি অভিযোগ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।
- ❖ কমিশনের তফসিলভুক্ত না হওয়ায়/ সুনির্দিষ্ট তথ্য উপাত্ত না থাকায় ৫৯১৭ টি অভিযোগ গ্রহণ করা হয়নি।
- বিভিন্ন জাতীয় পত্রিকায় প্রকাশিত ৭৫ টি দুর্নীতি সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গেছে।
- তন্মধ্যে ২২ টি প্রতিবেদন অনুসন্ধানের জন্য গ্রহণ করা হয়েছে।

### মামলা সংক্রান্ত তথ্য

#### সেপ্টেম্বর /২০১৫

- ✚ সেপ্টেম্বর মাসে ৮২ টি মামলা দায়েরের অনুমোদন দেয়া হয়েছে।
- ✚ মামলায় সম্পৃক্ত ব্যক্তি- ১৬০ (সরকারী চাকুরীজীবী-৪০, ব্যবসায়ী-৯২, জনপ্রতিনিধি-০৮, অন্যান্য-২০)
- ✚ সেপ্টেম্বর মাসে ৫৪ টি মামলায় বিজ্ঞ আদালতে চার্জশীট দাখিল করা হয়েছে।
- ✚ মামলায় অভিযুক্ত আসামীর সংখ্যা-১২০ (সরকারী চাকুরীজীবী-৫৩, ব্যবসায়ী-০৮, জনপ্রতিনিধি-০২, অন্যান্য-৫৭)
- ✚ সেপ্টেম্বর মাসে ৪১ টি মামলায় চূড়ান্ত প্রতিবেদন দাখিলের অনুমোদন দেয়া হয়েছে।

#### জানুয়ারী- সেপ্টেম্বর /২০১৫

- ✚ জানুয়ারী হতে সেপ্টেম্বর পর্যন্ত মোট ৩৩৫ টি মামলা দায়েরের অনুমোদন, ৪২৬ টি চার্জশীট দাখিলের অনুমোদন এবং ৪২১ টি মামলায় চূড়ান্ত প্রতিবেদন দাখিলের অনুমোদন দেয়া হয়েছে।

### বিচার সংক্রান্ত তথ্য

#### সেপ্টেম্বর /২০১৫

- সেপ্টেম্বর মাসে বিজ্ঞ আদালতে মোট ০৪ টি মামলার বিচারকার্য সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ০৩ টি মামলার আসামীদের সাজা প্রদান করা হয়েছে এবং ০১ টি মামলার আসামীদের খালাস প্রদান করা হয়েছে।

#### জানুয়ারী- সেপ্টেম্বর /২০১৫

- মামলা নিষ্পত্তি-১৩৯
- সাজা-৪৬
- খালাস-৯৩

সেপ্টেম্বর/২০১৫ মাসে কমিশন কর্তৃক মামলা দায়েরের জন্য অনুমোদনকৃত উল্লেখযোগ্য কয়েকটি অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ:

- ১। অধিক মুনাফার লোভ দেখিয়ে প্রায় ৬০০ জনের নিকট থেকে সোসাইটির বিভিন্ন খাতে শেয়ারে বিনিয়োগ বাবদ সংগ্রহপূর্বক ৪,৮৪,১৬,২০৬/-টাকা আত্মসাতের অভিযোগে জনাব এম এ সান্তার, সহ-সভাপতি, অগ্রণী কমার্স এন্ড ফাইন্যান্স মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, সূত্রাপুর, ঢাকা ও অন্য ৩ জনের বিরুদ্ধে মামলা দায়েরের অনুমোদন দেয়া হয়েছে।
- ২। ৪৮,০০০/- টাকা উৎকোচ গ্রহণকালে হাতেনাতে গ্রোফতার হওয়ার অভিযোগে জনাব মাহমুদ আলম, সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা- এর বিরুদ্ধে মামলা দায়েরের অনুমোদন দেয়া হয়েছে।
- ৩। পরস্পর যোগসাজশে, ক্ষমতার অপব্যবহার পূর্বক অপরাধমূলক বিশ্বাস ভঙ্গের মাধ্যমে সোনালী ব্যাংক লি:, স্থানীয় কার্যালয়, ঢাকা এর গ্রাহক পিলুসিড টেক্সটাইল লি: এর অনুকূলে বিধি-বহির্ভূতভাবে বিটিবি এলসি এবং পিএসসি সুবিধা প্রদানপূর্বক ৬,১৫,৩৪,৪৯৯/-টাকা ক্ষতিসাধন করার অভিযোগে জনাব মো: মহসিন আহমেদ, চেয়ারম্যান, পিলুসিড টেক্সটাইল লি:, উত্তরা মডেল টাউন, ঢাকা ও অন্য ৬ জনের বিরুদ্ধে মামলা দায়েরের অনুমোদন দেয়া হয়েছে।
- ৪। বিশ্ব খাদ্য কর্মসূচী হতে ত্রয়কৃত ৪টি গাড়ির বিপরীতে শুষ্ক করাতি পরিশোধের ভূয়া ট্রেজারী চালানের মাধ্যমে সরকারের ৩৫,০৫,০০০/-টাকা রাজস্ব ফাঁকি দেওয়ার অভিযোগে শেখ রইসউদ্দৌলা (প্রিন্স), পিতা-মৃত-শেখ ফরিদ উদ্দিন আহমেদ, ২৬/৩, ই-উত্তর পীরের বাগ, মিরপুর, ঢাকার বিরুদ্ধে মামলা দায়েরের অনুমোদন দেয়া হয়েছে।
- ৫। ১০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ কালে হাতেনাতে গ্রোফতার হওয়ার অভিযোগে জনাব মোহাঃ তবাইদুল্লাহ, জেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ এর বিরুদ্ধে মামলা দায়েরের অনুমোদন দেয়া হয়েছে।

সেপ্টেম্বর ২০১৫ মাসে ৫৪ টি মামলার চার্জশীট দাখিলের অনুমোদন দিয়েছে কমিশন। কমিশন কর্তৃক অনুমোদিত চার্জশীটের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি মামলার প্রধান অভিযুক্ত এবং অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ :

- ১। দুর্নীতি দমন কমিশনে নির্ধারিত সময়ে সম্পদ বিবরণী দাখিল না করার অভিযোগ, আসামী : মো: মনিরুজ্জামান ভূঁইয়া ওরফে শামীম, পিতা আলহাজ্ব আব্দুল খালেক ভূঁইয়া, গ্রাম-টেংগুরী, থানা-কেন্দুয়া, জেলা-নেত্রকোনা।
- ২। দুর্নীতি দমন কমিশনে দাখিলকৃত সম্পদ বিবরণীতে ৩৫,০০,০০০/- টাকার সম্পদের তথ্য গোপনসহ সর্বমোট ১,৭০,১২,৬৮৩/-টাকা জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ, আসামী : এ কে এম শফিকুল আহসান, পিতামৃত ডা: মোজাম্মেল হক, বাড়ী নং-৫, রোড নং-২, মোহাম্মদীয়া হাউজিং লি:, মোহাম্মদপুর, ঢাকা।
- ৩। অসৎ উদ্দেশ্যে প্রতারণা ও দুর্নীতির মাধ্যমে পরস্পরের যোগসাজশে জাল জালিয়াতির মাধ্যমে ব্যাংকের প্রায় ১০২,৬৩,০৩,৫৫৭/- টাকা আত্মসাতের অভিযোগ, আসামী : জনাব খাজা সোলেমান আনোয়ার চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স বিসমিল্লাহ টাওয়ার লি:, সি আর দত্ত রোড, ঢাকা ও অন্য ১৩ জন।
- ৪। ভূয়া মুক্তিযোদ্ধার সন্তান পরিচয় দিয়ে সরকারী চাকুরী গ্রহণের অভিযোগ, আসামী : মনিরুজ্জামান, সহকারী রাজস্ব কর্মকর্তা, শুষ্ক, আবগারি ও ভ্যাট ,কর অঞ্চল, পশ্চিম, ঢাকা।
- ৫। উৎস বহির্ভূত সম্পদ অর্জন করাসহ সর্বমোট ৭৭,৭০,৮১৬/- টাকার জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জন করার অভিযোগ, আসামী : মো: আব্দুল মান্নান, সাবেক স্টোর কিপার, সদর থানা স্বাস্থ্য কমপ্লেক্স, রংপুর।

ড. মোঃ শামসুল আরেফিন

মহাপরিচালক (প্রতিরোধ ও গবেষণা)